দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV 01 1999 ...
পৃঃ ২ কলাম ২

# জাতিসংঘের বিভিন্ন সংস্থায় বৃত্তি

বিশ্বের সকল রাষ্ট্রের মধ্যে পারস্পরিক সদ্ভাব ও সংহতি প্রতিষ্ঠা এবং আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা স্থাপনকল্পে ১৯৪৫ সালে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। বিশ্বে বিরাজমান সকল প্রকার ক্ষুদা ও দারিদ্র্য বিমোচন, জাতিগত সংঘাত নিরসন, উদ্বাস্তু সমস্যার সমাধান, শিক্ষা অধিকার সংরক্ষণ, সীমান্ত বিরোধের অবসান এবং সর্বোপরি আন্তর্জাতিক ন্যায়বিচার ইত্যাদি প্রতিষ্ঠা করাই এর উদ্দেশ্য। অবশ্য এসব গুরুত্বপূর্ণ কার্য সমাধানকল্পে জাতিসংঘের অঙ্গীভূত বিভিন্ন উন্নয়ন ও সাহায্য সংস্থা রয়েছে। যেমন ঃ UNCDF, UNICEF, UNCTEF, UNDF, UNDRO, UNDP, UNFPA, WFO, WHO, UNHHSF, UNIDO, UNITAR, UNHCR, UNRISD, UNN ইত্যাদি। এসব সংস্থা জাতিসংঘের অধীনে বিভিন্ন তহবিল পরিচালনা করে এবং প্রয়োজনের মুহূর্তে তা ব্যয় করে। এদিকে মানবিক কার্যসম্পাদনের পাশাপাশি এসব সংস্থার কোন কোনটি বিশ্বব্যাপী বিভিন্ন বিষয়ে উচ্চতর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার জন্য বৃত্তি প্রদান করে থাকে। জাতিসংঘের অঙ্গীভূত সদস্য রাষ্ট্রের যে কেউ এ বৃত্তির জন্য আবেদন করতে পারে। বাংলাদেশ যেহেতু জাতিসংঘের একটি সদস্য রাষ্ট্র সেহেতু বাংলাদেশীরাও এ বৃত্তির জন্য আবেদন করতে পারেন। কিন্তু জাতিসংঘের কোন্ কোন্ সংস্থা বৃত্তি দিয়ে থাকে অনেকেই হয়ত তা জানেন না। তাই যারা এ বৃত্তি লাভে আগ্রহী তাদের সুবিধার্থে এরকম কয়েকটি সংস্থার ঠিকানা দেয়া হল ঃ

* UNESCO : এই সংস্থা শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, সামাজিক বিজ্ঞান, মানবিক বিজ্ঞান, সংস্কৃতি, যোগাযোগ, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন বিষয়ে ৯ মাস মেয়াদী UNESCO ফেলোশিপ প্রদান করে থাকে। এই ফেলোশিপের জন্য বিশ্বের যে কোন UNESCO সদস্য রাষ্ট্রের ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারে। উল্লেখ্য, বাংলাদেশ একটি UNESCO সদস্য রাষ্ট্র। সুতরাং বাংলাদেশীরাও এখানে আবেদন করতে পারবেন। যোগাযোগের ঠিকানা ঃ
UNITED NATIONS EDUCATIONAL SCIENTFIC AND CULTURAL ORGANIZATION, 7, PLACEDEF ONTENONY, 75362 PARIS, 07 FRANCE.

* HAILPP : এই সংস্থা আন্তর্জাতিক আইনের ওপর প্রতিবছর ২ মাস মেয়াদী বৃত্তি প্রদান করে থাকে। এখানে পোস্টগ্র্যাজুয়েশন প্রশিক্ষণের জন্য ছাত্র/ছাত্রীদের বৃত্তি দেয়া হয়।
যোগাযোগের ঠিকানা ঃ
HAGUE ACADEMY OF INTERNATIONAL LAW PEACE, PLACE, CHRNEGIEPLEIN, 22517 KJ, OEN-HAAG, NETHERLANDS.

* IAU : এই সংস্থা প্রতিবছর ASTRONOMY-এর ওপর ট্রাভেল গ্রান্ট প্রদান করে থাকে। উন্নয়নশীল রাষ্ট্রের অস্ট্রোনোমারদের এক্ষেত্রে বিশেষভাবে অগ্রাধিকার দেয়া হয়। বিস্তারিত যোগাযোগের ঠিকানা ঃ
INTERNATIONAL ASTRONOMICAL UNION
98, BIS, BONLEVARD ARAG
75014 PARIS, FRANCE.

* FAO : জাতিসংঘের এই সংস্থাটি প্রতিবছর কৃষি, মৎস্যবিদ্যা, বন্যায়ন, পুষ্টি, অর্থনীতি, পরিসংখ্যান ইত্যাদি বিষয়ে ANDER MAYER RESEARCE ফেলোশিপ এবং TECHNICAL ASSISTANCE ফেলোশিপ প্রদান করে থাকে।
যোগাযোগের ঠিকানা ঃ
FOOD AND AGRICULTURE ORGANIZATION OF THE UNITED NATIONS (FAO), VIALE DELLE TERMEDI, CARACLLA 00100, ROMA, ITALY.

* WHO : জাতিসংঘের এই সংস্থা প্রতিবছর ১৫টি রিসার্চ ট্রেনিং ফেলোশীপ ও একটি ভিজিটিং ফেলোশীপ প্রদান করে থাকে। শুধুমাত্র পোস্ট ডক্টরাল পর্যায়ে এ ফেলোশীপের জন্য আবেদন করা যায়।
যোগাযোগের ঠিকানা ঃ
WORLD HEALTH ORGANIZATION, 150 COURSE ALBT-THOMAS, 69372 LYON CEDEX 08, FRANCE.

❑ সামিউল আজিম